



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-ওএম ১৫৩/আইন/১৫/ ২২৬০/১৬

তারিখ: ২৭/১২/২০২১ খ্রি.

বিষয় : লালমনিরহাট জেলার বেগম কামরুন্নেছা ডিপ্রি কলেজের প্রভাষক (ইসলামের ইতিহাস) মোসা: সোহানা শারমিন এমপিও পাওয়ার আবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, লালমনিরহাট জেলার বেগম কামরুন্নেছা ডিপ্রি কলেজের প্রভাষক (ইসলামের ইতিহাস) মোসা: সোহানা শারমিন এমপিও পাওয়ার জন্য আবেদন করেন।

আবেদনের বর্ণনা: লালমনিরহাট জেলার বেগম কামরুন্নেছা ডিপ্রি কলেজের প্রভাষক (ইসলামের ইতিহাস) মোসা: সোহানা শারমিন এমপিওভুক্ত হওয়ার জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৬৮৭৯/২০১৫ দায়ের করেন। বর্ণিত রিট পিটিশন শুনানিশেষে মহামান্য হাইকোর্ট বিভাগ Rule Absolute রায় প্রদান করেন। রায়ে পিটিশনারকে যোগদানের তারিখ অর্থাৎ ০৭/০৩/২০০৫খ্রি। থেকে বকেয়াসহ ১৫(পনের) দিনের মধ্যে এমপিওভুক্ত করার জন্য বিবাদীগণকে নির্দেশ দেয়া হয়।

মহামান্য হাইকোর্ট বিভাগের উক্ত রায়ের বিবৃক্তে সরকার পক্ষে সুপ্রিম কোর্টের আপিল বিভাগে আপিল (cmp/cp) দায়ের করণের জন্য প্রস্তাব প্রেরণ করা হলে সিডিল পিটিশন ফর লিভ টু আপিল নং ৩৫১৯/২০১৭খ্রি। দায়ের হয়। উক্ত আপিল মামলায় বিগত ০৪/০১/২০২১খ্রি। তারিখে মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগ হাইকোর্ট বিভাগের রায় ও আদেশ বাতিল করেন। কিন্তু আপিল বিভাগ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিধি মোতাবেক পিটিশনারের এমপিওভুক্তির বিষয়টি বিবেচনা করার জন্য নির্দেশ দেন।

আইন শাখার মতামত: মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের নির্দেশ অনুসারে অত্র অধিদপ্তরের পক্ষ থেকে পিটিশনারের এমপিওভুক্তির বিষয়টি জনবল কাঠামো অনুসারে বিবেচনা করতে হবে এবং সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে। বর্ণিত বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য নিম্ন বর্ণিত তথ্য প্রয়োজন:

- (১) জনাব মোসা: সোহানা শারমিন, প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) ০৭/০৩/২০০৫খ্রি। তারিখে কলেজে যোগদান করেছেন, এ যাবৎকালে এমপিও না হওয়ার কারণ বিস্তারিতভাবে ব্যাখ্যা প্রদান।;
- (২) উক্ত শিক্ষকের নিয়োগকালীন কলেজের এমপিও কপি;
- (৩) জনাব মোসা: সোহানা শারমিন এর নিয়োগ সংক্রান্ত সকল তথ্য যেমন- গভর্নিং বডিতে রেজুলেশনসমূহ, জাতীয় দৈনিক পত্রিকার বিজ্ঞপ্তি, ডিজির প্রতিনিধি মনোনয়নের কপি, নিয়োগ পরীক্ষার মূল্যায়নপত্র, নিয়োগপত্র ও যোগদানপত্র ইত্যাদি প্রেরণ ;
- (৪) কলেজের সকল শিক্ষকের স্বাক্ষরিত তালিকা;
- (৫) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের স্থীকৃতি/অধিভুক্তির কপি;
- (৬) মামলার সর্বশেষ information slip প্রেরণ।

এমতাবস্থায়, উল্লিখিত তথ্য ও কাগজপত্র প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮/১২/২০২১

(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (ক-৩)
ফোন নং-৯৫৫৬০৫৭

অধ্যক্ষ
বেগম কামরুন্নেছা ডিপ্রি কলেজ
লালমনিরহাট।

অনুলিপি:

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল, রংপুর।
- ২। সভাপতি, গভর্নিং বডি, বেগম কামরুন্নেছা ডিপ্রি কলেজ, লালমনিরহাট।
- ৩। সংরক্ষণ নথি।